# Times Today BD

তৌহিদুল ইসলাম | চট্টগ্রাম | 10 April, 2025

সা.কা চৌধুরীর বিরুদ্ধে মানবতাবিরোধী মামলার স্বাক্ষ্যদানকারী মুক্তিযোদ্ধা নুরুল আবছারকে রামুতে আটক করে পুলিশে দিয়েছে বিএনপির নেতাকর্মিরা

বিগত সরকারের সময়ে মানবতাবিরোধী মামলায় দন্ডপ্রাপ্ত ও ফাঁসি কার্যকর হওয়া বিএনপির স্থায়ী কমিটির সদস্য, সাবেক মন্ত্রী মরহুম সালাউদ্দিন কাদের চৌধুরীর বিরুদ্ধে মিথ্যা সাক্ষ্য দানকারী মুক্তিযোদ্ধা নুরুল আবছার (৭৬) কক্সবাজারের রামুতে বিএনপির নেতাকর্মিদের হাতে আটক হয়েছেন।

বৃহস্পতিবার ভোরে রামু উপজেলার কাউয়ারখোপ ইউনিয়নের পশ্চিম পাড়াস্থ জনৈক আব্দুল গনি মাঝির বাড়ি থেকে তাকে আটক করা হয়।

রামু থানার অফিসার ইনচার্জ ওসি ইমন কান্তি চৌধুরী আটকের বিষয়টি নিশ্চিত করেছেন।

আটক নুরুল আবছার চট্রগ্রামের রাঙ্গুনিয়া উপজেলার চন্দনপুরা গ্রামের মৃত কাজী মোঃ জাবেদের পুত্র বলে জানা গেছে।

এলাকাবাসীর দাবী, গত ৫ আগস্টের পর থেকে তিনি দীর্ঘদিন ধরে রামুর ওই বাড়িত আত্নগোপনে ছিলেন।

কাউয়ারখোপ ইউনিয়ন যুবদলের আহবায়ক শাব্বির হোসেন বাদশাহ জানান, আত্নগোপনে থাকার খবর পেয়ে বিএনপি নেতা এনামুল হক, হানিফ জিহাদীর নেতৃত্বে স্থানীয় জনতা ওই বাড়িটি ঘেরাও করে রাখে।পরে খবর পেয়ে রামু থানা পুলিশের একটি দল এসে তাকে আটক করে থানায় নিয়ে যায়।

তিনি জানিয়েছেন, আটক নুরুল আবছার বর্তমানে রামু থানা হেফাজতে রয়েছে।রাঙ্গুনিয়া থানায় তার বিরুদ্ধে কোন মামলা আছে কিনা খোঁজ খবর নেয়া হচ্ছে।

তদন্ত সাপেক্ষে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা নেয়া হবে বলে জানান ইমন কান্তি চৌধুরী।

মানবতাবিরোধী মামলা মুক্তিযোদ্ধা আটক পুলিশ বিএনপি সা.কা চৌধুরী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 14:50

URL: https://timestodaybd.com/chittagong/57972056